

THE AMERICAN CENTER

THE PUBLIC AFFAIRS SECTION OF THE
EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
Momenshahi House
House 110, Road 27, Banani
Dhaka 1213, Bangladesh



Tel: 880-2-8837150-4
Fax: 880-2-9881677, 9885688
e-mail: DhakaPA@state.gov
website: dhaka.usembassy.gov

Press Release

যুক্তরাষ্ট্র সরকারের দুর্যোগ ত্রাণ সহায়তা ঘূর্ণিঝড় সিডর -- নভেম্বর ১৫, ২০০৭

ঢাকা, ১৬ই নভেম্বর -- শুক্রবার রাতে বাংলাদেশে আঘাত হানা ঘূর্ণিঝড়ে যেসব পরিবারের সদস্যদের প্রাণহানি হয়েছে এবং অন্য যারা আক্রান্ত হয়েছে, আমেরিকান জনগণের পক্ষ থেকে ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস তাদের জন্য গভীরতম সহানুভূতি জানাচ্ছে। দুর্যোগ মোকাবেলায় সহায়তা করতে আমাদের ইচ্ছার কথা আমরা সরকারকে জানিয়েছি।

বহু বছর ধরে বাংলাদেশে দুর্যোগ ত্রাণ সহায়তায় যুক্তরাষ্ট্র সরকার সহযোগীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে। বন্যার ক্ষতিহ্রাসে ঢেউ রক্ষা-দেয়াল ও মাটির বাঁধসহ দেশব্যাপী বহুমুখী বন্যা ও ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ ও রক্ষণাবেক্ষণে ইউএসএআইডি আর্থিক সহায়তা দিয়ে আসছে। ২০০৫ সাল থেকে এ ধরনের প্রায় ৪,০০০ অবকাঠামো নির্মাণের পাশাপাশি জরুরী সাড়াপ্রদান কার্যক্রম পর্যবেক্ষণে স্থানীয় ত্রাণ ব্যবস্থাপনা কমিটিগুলোকে প্রশিক্ষণসহ তাদেরকে সাইক্লোন প্রস্তুতি প্রশিক্ষণ দিয়েছে ইউএসএআইডি। ২০০৭ এর বন্যায় স্থানান্তরিত হয়েছে এ ধরনের ৫৯,৭৭৯টি পরিবারকে আমরা 'জরুরী সারভাইভাল প্যাকেট' বিতরণ করেছি। খাদ্য নিরাপত্তা উদ্যোগসমূহ ঝুঁকিপূর্ণ অঞ্চলসমূহে অব্যাহত রয়েছে।

ঘূর্ণিঝড় আঘাত হানার পূর্বেই বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাস এবং সহযোগীরা ১৬টি 'জডিয়াক বোট', ৬টি পানি শোধন পদ্ধতি এবং ১০টি ওয়াটার অ্যানালিসিসসহ বিভিন্ন সরঞ্জাম প্রস্তুত রাখে। আমাদের সহযোগী সংস্থা 'কেয়ার' এবং 'সেভ দ্য চিলড্রেন' উপকূলবর্তী এলাকায় ৩০,০০০ জরুরী

সারভাইভাল প্যাকেজসমূহ পূর্ব-প্রস্তুত করে রাখে। উদ্ধার প্রক্রিয়ায় আরো কিভাবে সহায়তা করা যায়
আমরা এখন সেসব উপায় খুঁজে দেখছি।

=====

জিআর/ ২০০৭